

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
ঋণ শাখা ডেস্ক-১
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৩.১৬.০২৪.১৯.২২

তারিখ: ২১ ভাদ্র ১৪২৬

০৫ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: ২০১৮-১৯ অর্থবছরে সোনালী ব্যাংক (ফসলী) ঋণের মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: নং এমসিডি/বিআরডিবি/শ্রেণীকৃত ঋণ আদায়/৩৭৮, তারিখঃ ১৫/০৭/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক মূলে প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ অর্থবছরে জুন/১৯ মাসের প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, জুন/১৮ মাসের তুলনায় জুন/১৯ মাসে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ ৫১৯.৬৪ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে যা কোন ভাবেই কাঙ্ক্ষিত নয়। বাংলাদেশ ব্যাংকের 'কৃষি ঋণ কমিটি'র সভায় খেলাপী(ফসলি) ঋণ আদায়ের বিষয়ে সোনালী ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক বারবার তাগিদ প্রদান করা হচ্ছে।

এমতাবস্থায়, ব্যাংক (ফসলী) ঋণ আদায়ের জন্য একটি বাস্তবসম্মত কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ৩১শে ডিসেম্বর/১৯ মাসের মধ্যে তাঁর জেলার মেয়াদোত্তীর্ণ ফসলী ঋণের ২৫% আদায় নিশ্চিত করতে হবে।

কর্ম নির্দেশনাসমূহঃ

- ১। প্রতি মাসে ইউআরডিও, এআরডিও এবং পরিদর্শকগণের সমন্বয়ে ৬টি যৌথ ভ্রমণের মাধ্যমে খেলাপী ঋণ আদায় নিশ্চিত করতে হবে।
- ২। 'উপজেলা/জেলা কৃষি ঋণ কমিটি'র সভায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের বিষয়ে জেলা প্রশাসন এবং উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতার মাধ্যমে ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩। 'উপজেলা/জেলা পর্যায়ে সোনালী ব্যাংক এবং বিআরডিবি'র সমন্বয়ে যৌথ সভা আয়োজনের মাধ্যমে খেলাপী ঋণ আদায় নিশ্চিত করতে হবে।
- ৪। ইউনিয়ন পরিষদ এর মাধ্যমে খেলাপী ঋণ আদায় সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।
- ৫। অনিষ্পন্ন সার্টিফিকেট মামলার নিষ্পত্তির লক্ষ্যে তদারকী বাড়াতে হবে।

৫-৯-২০১৯

সুকুমার চন্দ্র দাস

যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলাদপ্তর
(সকল)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৩.১৬.০২৪.১৯.২২/১(২)

তারিখ: ২১ ভাদ্র ১৪২৬

০৫ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, (প্রোগ্রামিং), বিআরডিবি(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫-৯-২০১৯

ফেরদৌস মামুন শিমুল

উপপরিচালক